

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১

তারিখঃ পৌষ ১৯, ১৪২৭
জানুয়ারি ০৩, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই
(CMSME) খাতের জন্য ২০,০০০ কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এবং নভেম্বর ২৬, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) সমূহের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০(বিশ) হাজার কোটি টাকার প্যাকেজ বাস্তবায়নের লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ জারি করা হয়। পরবর্তীতে, সময়ে সময়ে উল্লিখিত প্যাকেজের আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য নির্ধারিত ঋণ/বিনিয়োগের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা পুনঃনির্ধারণ করা হয়। এর ধারাবাহিকতায়, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৬/২০২০ অনুযায়ী আলোচ্য প্যাকেজের ঋণ/বিনিয়োগ বিতরণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা ডিসেম্বর ৩১, ২০২০ পর্যন্ত নির্ধারিত হয়।

০৩। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখা যাচ্ছে যে, কিছু ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান আলোচ্য প্যাকেজের আওতায় তাদের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হলেও কিছু কিছু ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তা অর্জন করতে পারেনি। আলোচ্য প্যাকেজের আওতায় সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অর্জন নিশ্চিত করতে উক্ত প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা মার্চ ৩১, ২০২১ তারিখ পুনঃনির্ধারণ করা হলো।

০৪। আলোচ্য প্যাকেজের আওতায় যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ইতিমধ্যে তাদের লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি তাদের লক্ষ্যমাত্রার অবিতরণকৃত অংশের বিতরণ মার্চ ৩১, ২০২১ তারিখের মধ্যে নিশ্চিত করতে একটি মাসভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক জানুয়ারি ১৭, ২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো।

০৫। এতদ্ব্যতীত উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

০৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২